



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭

(Website: www.bteb.gov.bd)



স্মারক: ৫৭.১৭.০০০০.১০৫.৩৯.০০৩.১৩.২১২

তারিখ: ১২/০৯/২০২১ খ্রি.

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এর আওতাধীন স্বাস্থ্য প্রযুক্তি ও সেবা শিক্ষাক্রমের ০৬ মাস মেয়াদি সার্টিফিকেট-ইন-মেডিকেল আল্ট্রাসাউন্ড (জুলাই-ডিসেম্বর: ২০২০) সেশনের রেজিস্ট্রেশন কার্ড ১৯-০৯-২০২১ খ্রি. থেকে ২১-০৯-২০২১ খ্রি. তারিখের মধ্যে রেজিস্ট্রেশন শাখা (নতুন ভবনের ৫ম তলা, কক্ষ নং - ৫০৭) হতে বিতরণ করা হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণকে রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের সময় যা অবশ্যই জমা দিতে হবে:

১. উপ সচিব (রেজিস্ট্রেশন) বরাবর আবেদন (নমুনা মোতাবেক)।
২. ইতোপূর্বে সোনালী সেবার মাধ্যমে যে সকল প্রতিষ্ঠান প্রতি শিক্ষার্থী বাবদ রেজিস্ট্রেশন ফি - ৫০.০০ টাকা, পরীক্ষার ফি - ৩০০.০০ টাকা ও সনদপত্র ফি - ১০০.০০ টাকা সহ সর্বমোট ৪৫০.০০ টাকা পরিশোধ করেছেন শুধু সে সকল প্রতিষ্ঠানকে বোর্ডের প্রচলিত নিয়ম মোতাবেক শিক্ষার্থী প্রতি নম্বর পত্র ফি বাবদ - ৭৫.০০ টাকা প্রদান করতে হবে, তবে যে সকল প্রতিষ্ঠান অদ্যবধি ফি পরিশোধ করেননি সে সকল প্রতিষ্ঠানকে শিক্ষার্থী প্রতি সর্বমোট ৫২৫.০০ টাকা সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বরাবর সোনালী ব্যাংক লিমিটেড, আগারগাঁও শাখা, ঢাকা অথবা সোস্যাল ইসলামী ব্যাংক, বেগম রোকেয়া স্মরণী, আগারগাঁও, ঢাকা এর অনুকূলে DD এর মাধ্যমে প্রদান করতে হবে।
৩. রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ করার সময় রেজিস্ট্রেশন ফি জমা দেয়ার প্রমাণক অবশ্যই প্রদর্শন করতে হবে।
৪. ২০২০-২১ অর্থ বছর পর্যন্ত প্রতিষ্ঠানের অ্যাক্টিভেশন ফি পরিশোধের প্রমাণপত্রের ফটোকপি।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিজ্ঞপ্তিটি জারি করা হলো।

স্বাক্ষরিত

(মোহাম্মদ আবদুল্লাহ আল মাহমুদ জামান)

সচিব ও চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

স্মারক: ৫৭.১৭.০০০০.১০৫.৩৯.০০৩.১৩.২১২ (৪)

তারিখ: ১২-০৯-২০২১ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১. সকল বিভাগীয় প্রধান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩. শর্ট কোর্স, পরীক্ষা শাখা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. সংশ্লিষ্ট নথি।

১২-০৯-২০২১

(মো: সুলতান হোসেন)

উপ সচিব (রেজিস্ট্রেশন)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-৫৫০০৬৫৩৬

প্রতিষ্ঠানের প্যাড

স্মারক:

তারিখ: ০০-০০-০০০০ খ্রি.

বরাবর

উপ সচিব (রেজিস্ট্রেশন)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, ঢাকা-১২০৭।

বিষয়: সার্টিফিকেট-ইন-মেডিকেল আল্ট্রাসাউন্ড শিক্ষাক্রমের জুলাই-ডিসেম্বর ২০২০/অক্টোবর-ডিসেম্বর ২০২০ সেশনের রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ প্রসঙ্গে।

মহোদয়,

যথাযথ সম্মাপূর্বক নিবেদন এই যে, জাতীয় দক্ষতা মান বেসিক শিক্ষাক্রমের জুলাই-ডিসেম্বর ২০২০/ অক্টোবর-ডিসেম্বর ২০২০

সেশনের রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের নিমিত্তে অত্র প্রতিষ্ঠানের _____ (পদবী) , _____ (নাম) কে তাঁর স্বাক্ষর

সত্যয়নপূর্বক প্রেরণ করা হলো।

নাম	মোবাইল নম্বর	স্বাক্ষর	সত্যায়িত
নাম	০১০০০০০০০০		

উক্ত ব্যক্তির নিকট অত্র প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশন কার্ড প্রদান করে বাধিত করবেন।

নিবেদক

(নাম)

অধ্যক্ষ

(সিল ও স্বাক্ষর